

الْغَفَّارُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা।

বিসমিল্লাহির রহমানির রহিম।

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম আসমাউল হুসনার ১৫তম নাম ‘الْغَفَّارُ’ (আল গাফফার) আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْغَفَّارُ’ শব্দের মূল ر غ ف - এই মূল শব্দ থেকে যে সমস্ত শব্দ বের হয়েছে তা পবিত্র কোরআন মাজিদের ২৩৪ বার এসেছে।

আল্লাহ ‘الْغَفَّارُ’ অর্থ: আল্লাহ ‘অনেক বড় ক্ষমাশীল’।

পবিত্র কুরআন মাজিদে ইরশাদ হচ্ছে:

تَدْعُونَنِي لِأَكْفُرَ بِاللَّهِ وَأُشْرِكَ بِهِ مَا لَيْسَ لِي بِهِ عِلْمٌ وَأَنَا أَدْعُوكُمْ إِلَى الْعَزِيزِ
الْغَفَّارِ ﴿٤٢﴾

সূরা আল মুমিন ৪২ নং আয়াত -

[ফেরাউনের সভাসদদের এক ব্যক্তি (যে এতদিন তার ঈমান গোপন রেখেছিল) সে মুসা ও ফেরাউনের সভাসদদের সামনে বলেছিল]

(হে আমার কউম) তোমরা আমাকে দাওয়াত দিচ্ছে, যেন আমি আল্লাহর প্রতি কুফরী করি এবং তাঁর সাথে শরীক করি, যে ব্যাপারে আমার কোন এলিম নেই। অথচ আমি তোমাদের দাওয়াত দিচ্ছি মহাপরাক্রমশালী অতীব দয়াবানের দিকে।

رَبُّ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا الْعَزِيزُ الْغَفَّارُ ﴿٦٦﴾

সূরা সোয়াদ ৬৬ নং আয়াত -

তিনিই মালিক মহাকাশ এবং পৃথিবীর এবং এ দুয়ের মধ্যবর্তী সবকিছুর। তিনি মহা শক্তিদর, ক্ষমাশীল।

وَلَا يَأْتَلِ أُولُو الْفَضْلِ مِنْكُمْ وَالسَّعَةِ أَنْ يُؤْتُوا أُولَى الْقُرْبَىٰ وَالْمَسَاكِينَ وَالْمُهَاجِرِينَ فِي سَبِيلِ اللَّهِ وَلْيَعْفُوا وَلْيَصْفَحُوا أَلَا تُحِبُّونَ أَنْ يَغْفِرَ اللَّهُ لَكُمْ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ ﴿٢٢﴾

সূরা আন নূর ২২ নং আয়াত -

[হযরত আয়েশা রা: চরিত্রে কলঙ্ক লেপনের প্রচারে আবু বকর রা: এর এক নিকটাত্মীয় (যাকে আবু বকর রা: আর্থিক সাহায্য করতেন) অংশ নিয়েছিলেন। তাকে সাহায্য বন্ধ করার শপথ করেছিলেন আবু বকর রা: - এই পরিপ্রেক্ষিতে এই আয়াতটি আল্লাহ তায়ালা নাযিল করেন।]

তোমাদের মধ্যে যারা ধন-মালে প্রাচুর্যের অধিকারী তারা যেন কসম খেয়ে না বলে যে, তারা আত্মীয়-স্বজন, মিসকিন এবং আল্লাহর পথে হিজরতকারীদের কিছুই দেবে না। তারা যেনো তাদের ক্ষমা করে দেয় এবং তাদের দোষ ত্রুটি উপেক্ষা করে। তোমরা কি চাওনা যে, আল্লাহ তোমাদের ক্ষমা করে দিন? আর আল্লাহ তো পরম ক্ষমাশীল, দয়াবান।

إِنَّهُ كَانَ فَرِيقٌ مِّنْ عِبَادِي يَقُولُونَ رَبَّنَا آمَنَّا فَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا وَأَنْتَ خَيْرُ الرَّاحِمِينَ ﴿١٠٩﴾

সূরা আল মুমিনুন ১০৯ নং আয়াত -

আমার এক দল বান্দা বলতো: আমাদের প্রভু! আমরা ঈমান এনেছি, তাই তুমি আমাদের ক্ষমা করে দাও এবং আমাদের প্রতি রহম করো, আর তুমিই তো সর্বোত্তম রহমওয়াল।

মুসলিম শরীফের হাদীস:

রাসূল সা: বলেন, কখনো আমার অন্তরে সাময়িক অবহেলা চলে আসে। তখন আমি আল্লাহর কাছে ১০০ বার তওবা-ইস্তেগফার করি।

মুসলিম শরীফের হাদীস:

রাসূল সা: বলেন: সেই সত্তার শপথ যার হাতে আমার প্রাণ। তোমরা যদি পাপ না করতে, আল্লাহ তা'আলা তোমাদেরকে সরিয়ে দিয়ে অপর এক জাতি প্রেরণ করতেন, যারা পাপ করে আল্লাহর কাছে ক্ষমা চাইত আর তিনি তাদেরকে ক্ষমা করে দিতেন।

আমাদের সমস্ত দোষ ত্রুটি, অপরাধের জন্য আল্লাহ ‘আল গাফফার’ এর কাছে ক্ষমা চাইতে হবে। যদি তিনি আমাদের ক্ষমা করে দেন, তাহলে দুনিয়া ও আখেরাতে সব কিছু আমাদের জন্য সহজ হয়ে যাবে।

আল্লাহর ৯৯ গুনের কোন একটি সম্পর্কেও যদি আমরা অন্যকে শরীক করি, তবে সেটা শিরকের অপরাধ হবে। শিরকের অপরাধ আল্লাহ ক্ষমা করেন না।

আসুন, আমরা আল্লাহর যথাযথ মর্যাদা উপলব্ধি করি। আল্লাহ আমাদের সাহায্য করুন। আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহা